মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৮

মেহেরপুর পুলিশ অভিযান চালিয়ে বিভিন্ন মামলার ৮ আসামি গ্রেফতার করেছেন।

গ্রেফতারকৃতদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে ৬ জন, সদর থানা পুলিশের অভিয়ানে ১ ও জেলা গোয়েন্দা পুলিশের অভিযানে ১ আসামি গ্রেফতার হয়েছে।

শনিবার দিবাগত রাতভর জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) সাইফুল আলমের নেতৃত্বে পুলিশের একাধিক টিম অভিযান চালিয়ে এসব গ্রেফতার করেন।

গ্রেফততারকৃতদের আসামিদের আজ রবিবার সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

এম এ খালেক মেহেরপুর জেলার শ্রেষ্ট উপজেলা চেয়ারম্যান নির্বাচিত, সর্ব মহলের অভিনন্দন

শিক্ষা ক্ষেত্রে বিশেষ অবদান রাখায় গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক
মেহেরপুর জেলার শ্রেষ্ঠ উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন।

প্রাথমিক শিক্ষা পদক ২০২২ উপলক্ষে জেলা পর্যায়ে বাছাই কমিটি গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেককে শ্রেষ্ঠ উপজেলা চেয়ারম্যান হিসেবে ভূষিত করেন।

মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ভূপেষ রঞ্জন রায় স্বাক্ষরিত এক চিঠিতে এ তথ্য জানান।

মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ভূপেষ রঞ্জন রায় বলেন, মেহেরপুর জেলার শ্রেষ্ঠ উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হয়ে প্রাথমি ক শিক্ষা পদক-
২০২২ এ ভুষিত হয়েছেন ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এম এ খালেক।

তিনি আরো জানান, আগামী ১৬ অক্টোবর খুলনা
বিভাগীয় পর্যায়ে বাছাই প্রতিযোগিতাতেও অংশ গ্রহনের জন্য বিভাগী য় কমিশনার এর কার্যালয় (খুলনা) উদ্দেশ্যে রওয়ানা দেবেন তিনি।

এদিকে জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক জেলার শ্রেষ্ঠ উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হওয়ায় রাজনৈতিক, সামাজিক সাংস্কৃতিকসহ বিভিন্ন মহল তাকে অভিনন্দন জানিয়েছেন।

অল্পের জন্য প্রাণে রক্ষা পেল নির্মাণ শ্রমিক

কোনো প্রকার নিরাপত্তা ব্যবস্থা না রেখেই চলছে মোমিনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবনের নির্মাণ কাজ। আর এই নির্মাণ কাজ করতে এসে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে অল্পের জন্য প্রাণে বেঁচে গেলেন তুষার (২৬) নামের এক নির্মাণ শ্রমিক। আহত তুষার আলী মেহেরপুর সদর উপজেলার গহরপুর গ্রামের মকলেস আলীর ছেলে।

শনিবার সকালে কাজ করতে এসে মোমিনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নির্মাণাধীন ভবনে এ দুর্ঘটনা ঘটনা ঘটে। ঘটনাস্থলে গিয়ে দেখা যায়,

মোমিনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একটি নতুন দ্বিতল ভবনের নির্মাণ কাজ চলছে। ভবনের একেবারে কোল ঘেঁসে বয়ে গেছে পল্লী বিদ্যুতের ১১ হাজার ভোল্টেজ এর কয়েকটি বৈদ্যুতিক তার। সেখানে কোন প্রকার নিরাপত্তা ব্যবস্থা না রেখেই চলছিল ভবনের তৃতীয় তলার নির্মাণের কাজ।

ইমারত শ্রমিকরা তৃতীয় তলার ছাদে রড বাঁধায়ের কাজ করছিল। এ সময় নির্মাণ কাজে ব্যবহৃত স্টিল টেপ (ফিতা) দিয়ে মাপজোকের সময় অসাবধানতা বসতঃ টেপটি তারের উপর পড়লে তুষার বিদ্যুতায়িত হয়ে দ্বিতীয় তলার সিঁড়ি ঘরে ছিটকে পড়ে প্রাণে রক্ষা পেলেও তার বাম পায়ের কিছু অংশ পুড়ে যায় এবং মাথা ফেটে যায়। সেখানে তার প্রচুর রক্তক্ষরণ হয়। ঘটনাস্হলে রক্ত পড়ে থাকতে দেখা যায়। এসময় ঠিকাদার প্রতিষ্ঠানের কাউকে দেখা যায় নি। নৈশকালীন পাহারার দায়িত্বে নিয়োজিত কাজী কচি বলেন, ঘটনার সময় আমি ছিলাম না, তবে পরে এসে বিদ্যুৎস্পৃষ্টের কথা শুনলাম।

তুষারের সহকর্মীরা তাকে উদ্ধার করে স্থানীয় বাজারের চিকিৎসকের কাছে নিলে তার অবস্থা বেগতিক দেখে চিকিৎসক হাসপাতালে নেওয়ার পরামর্শ দেন। পরে মেহেরপুর ফায়ার সার্ভিসে খবর দিলে দমকল কর্মীরা তাকে নিয়ে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। বর্তমানে সে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির বারাদীতে কর্মরত লাইন টেকনিশিয়ান ওলিয়ার রহমান বলেন, দুর্ঘটনার খবর শুনে ঘটনাস্হলে গিয়েছি। তবে তাদের কাজের নিরাপত্তার সুবিধার্থে তারা আমাদের জানাতে পারতো । জানালে হয়তো কাজের সময় ঐদিকের বিদ্যুৎ সংযোগ সাময়িক ভাবে বন্ধ রাখা যেত।

বারাদী পুলিশ ক্যাম্প ইনচার্জ এসআই মফিজুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

জেলা পরিষদ নির্বাচনে প্রার্থীদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত

জেলা পরিষদ নির্বাচনের প্রার্থীদের নিয়ে মতবিনিময় সভা মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে শনিবার বিকালে অনুষ্ঠিত হয়েছে।

জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে মতবিনিময় সভায় বক্তব্য রাখেন পুলিশ সুপার রাফিউল আলম, জেলা পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের সমর্থিত চেয়ারম্যান প্রার্থী আব্দুস সালাম, স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী গোলাম রসুল। এসময় বিভিন্ন ওয়ার্ডের সধারণ সদস্য ও সংরক্ষিত নারী সদস্যরা।

নির্বাচনের প্রার্থীরা আসন্ন নির্বাচন নিয়ে নানা ধরণের সংকার কথা তুলে ধরেন। নির্বাচন অবাধ নিরপেক্ষ ও সুষ্ঠ করতে প্রশাসনের পক্ষ থেকে সব ধরনের আশ্বাসন প্রদান করেন।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন পুলিশ সুপার রাফিউল আলম,অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হুদা,জেলা নির্বাচন কর্মকর্তা মোঃ আবু আনছার।

মতবিনিময় সভায় জেলা পরিষদ নির্বাচনের চেয়ারম্যান, সদস্য ও সংরক্ষিত নারী সদস্য প্রার্থীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ভোটগ্রহণ কর্মকর্তাদের ইভিএম বিষয়ে ২ দিন ব্যাপী প্রশিক্ষণ

আর মাত্র ১ দিন পর মেহেরপুর জেলা পরিষদ নির্বাচন। নির্বাচন সুষ্ঠভাবে পরিচালনার জন্য ভোটগ্রহণ কর্মকর্তাদের ইভিএম বিষয়ে ২

দিন ব্যাপী প্রশিক্ষণ শেষ হয়েছে।

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে শনিবার বিকালে ২ দিন ব্যাপী প্রশিক্ষণ শেষ হয়। এর আগে গতকাল শুক্রবার সকালের দিকে মেহেরপুর জেলা প্রশাসক এই প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন।

জেলা পরিষদ নির্বাচনের দায়িত্ব প্রাপ্ত সহকারি রিটার্নিং অফিসার ও মেহেরপুর জেলা নির্বাচন অফিসার মোঃ আবু আনছার প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন।

২ দিনের এই প্রশিক্ষণে ২৪ প্রস্তাবিত ভোটগ্রহণ কর্মকর্তা ইভিএম বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন।

মেহেরপুর শহরে হেরোইনসহ মাদক কারবারী আটক

মেহেরপুর শহরে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাদক বিরোধী অভিযান ১৫ পুরিয়া হেরোইনসহ শাহিন আলী নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে।

আটক শাহিন আলী মেহেরপুর শহরের চক্র পাড়া আবুল কাশেমের ছেলে। শনিবার (১৫ অক্টোবর) বিকালের দিকে মেহেরপুর বাস টার্মিনাল থেকে শাহিন আলীকে আটক করা হয়।

মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টিম তাকে আটক করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, হেরোইন উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ (সংশোধনী/২০২০) সনের ৩৬(১)সারণির ৮ (ক) ধারায় একটি মামলা দায়ের করা হয়েছে।

আটক শাহিন আলী কে আদলেতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টে গোবিন্দপুর ষ্টার ক্লাব জয়ী

দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় রাউন্ডের ৩য় ম্যাচ অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকাল ৪টায় জয়রামপুর ইয়ুথ ক্লাব মাঠে। টুর্নামেন্টের ৩য় ম্যাচে মুখোমুখি মাঠে নামে দুধপাতিলা স্পোর্টিং ক্লাব বনাম গোবিন্দপুর ইস্টার ক্লাব।

খেলায় দুধপাতিলা স্পোর্টিং ক্লাব কে ২-০গোলে হারিয়ে কোয়ার্টার ফাইনালে গোবিন্দপুর স্টার ক্লাব। দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাবের সভাপতি জাকির হোসেনের সভাপতিত্বে ম্যাচ শেষে ম্যান অফ দ্যা ম্যাচের পুরষ্কার বিতরণ করা হয়।

জয়রামপুর গ্রাম বাসীর আয়োজনে প্রধান অতিথি ইয়ুথ ক্লাবের উপদেষ্টা আমজাদ মিয়ার হাত থেকে ম্যাচটির ম্যান অফ দ্যা ম্যাচের পুরষ্কার তুলে দেয়া হয় গোবিন্দপুর ষ্টার ক্লাবের ০৭ নং জার্সি পরিহিত সাদিক কে। প্রধান অতিথি আমজাদ মিয়া বলেন, আমি মনে করি প্রতিটি শিক্ষার্থী লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা করা অপরিহার্য, খেলাধুলা করিলে শরীর মন সুস্থ ও সবল থাকে। তাই প্রতিটি মানুষের খেলাধুলা করার প্রয়োজন আছে। নিয়মিত খেলাধুলা করিলে শরীরকে রোগবালাই ও মাদকাসক্তি থেকে মুক্ত থাকা যায়।

জয়রামপুর ইয়ুথ ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুল বিন আহমদের ব্যবস্থাপনায় এসময় উপস্থিত ছিলেন,আবু বকর সিদ্দিক, নজরুল ইসলাম, জসিম উদ্দিন মনোয়ার, সাবেক ফুটবলার মুন্নাফ হোসেন, সামসুল আলম, গোলাম সরোয়ার ছোটো, আব্দুল মালেক,মালেক ভুঁইয়া, ক্রীয়া সম্পাদক রাজীব, স্বপন, রাশেদুল ইসলাম রনি, হাফিজুর, আরিফ, নাজির, মুসা, হাসিবুল, সামসুল হক সহ ক্লাবের সকল সদস্য বৃন্দ সহ গণমান্য ব্যক্তিবর্গ।

ম্যাচটিতে রেফারির দায়িত্ব পালন করেন একরামুল হাসান নিপুন, সহকারী রেফারি ছিলেন তারিকুল ইসলাম ও সুভাষ চন্দ্র বিশ্বাস। ধারাভাষ্যকার ছিলেন, রাশেদ, আজমল ও শামীম খাঁন।

মেহেরপুরে বিশ্ব ডিম দিবস পালিত

প্রতিদিন একটি ডিম, পুষ্টিময় সারাদিন” এ প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে পালিত হয়েছে বিশ্ব ডিম দিবস।

গতকাল শুক্রবার সকালে ডিম খাওয়ানো ও আলোচনা সভার মধ্যে দিয়ে দিবসটি পালিত হয়।

বিশ্ব ডিম দিবসের আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সাইদুর রহমান।

প্রধান অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক আশরাফুজ্জামান ভূঁইয়া। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সৈয়দ সাকিবুল ইসলাম, আবু বক্কর, আরিফুল আলম রফিকুল ইসলাম প্রমূখ। পরে ডিম খাওয়ানোর উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে জেলা ও উপজেলা প্রাণী সম্পদ কার্যালয়ে কর্মকর্তা, কর্মচারী, মুরগী খামারারীসহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে জেলা পরিষদ নির্বাচন

নিয়ে সদর আওয়ামী লীগের সংবাদ সম্মেলন

আসন্ন ঝিনাইদহ জেলা পরিষদ নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীর বিরুদ্ধে আচরণ বিধি লঙ্ঘনসহ নানা অনিয়মের অভিযোগ এনে সংবাদ সম্মেলন করেছে ঝিনাইদহ সদর থানা আওয়ামী লীগ।

শনিবার (১৫ অক্টোবর) দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে আওয়ামী মনোনীত চশমা প্রতিকের প্রার্থী কনক কান্তি দাসের পক্ষে এ সংবাদ সম্মেলন করেন।

সম্মেলনে লিখিত বক্তব্যে ঝিনাইদহ সদর থানা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহীদুল ইসলাম হীরন স্বতন্ত্র প্রার্থীর বিরুদ্ধে নানা অনিয়মের অভিযোগ তুলে ধরেন। তিনি অভিযোগ করেন, স্বতন্ত্র প্রার্থী এম হারুন অর রশীদ ভোটারদের টাকা দিয়ে প্রভাবিত করার চেষ্টা করছে। বিভিন্ন মোবাইল ফোনে বিকাশ নগদ এর মাধ্যমে ভোটারদের এসব টাকা প্রদান করা হচ্ছে। তাছাড়া টাকা দিয়ে পবিত্র কোরআন শরিফ ছুয়ে শপথ করানো হচ্ছে বলেও অভিযোগ করেন। টাকা দেওয়ার বেশ কিছু প্রমানসহ নির্বাচন কমিশনকে লিখিত অভিযোগ দেওয়া হয়েছে বলেও তিনি জানান।

তিনি আরও বলেন স্বতন্ত্র প্রার্থীর পরিচালিত এনজিও সৃজনী ফাউন্ডেশনের মাধ্যমে ভোটারদের টাকা দেওয়ার অভিযোগ আছে। এজন্য সুষ্ঠু নির্বাচনের স্বার্থে ভোটের সময় এনজিও বন্ধ রাখাসহ নির্বাচনের সাথে জড়িত সংশ্লিষ্টদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জোর দাবি জানান। এছাড়া অবাধ ও সুষ্ঠু নির্বাচনের জন্য সাংবাদিকসহ সকল মহলের সহযোগিতা কামনা করেন।

এসময় আরও উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর থানা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও জেলা আওয়ামী লীগের সদস্য জে এম রশিদুল আলম, ঝিনাইদহ পৌরসভার ৮নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি তোবারক হোসেন টোনা জোয়ার্দ্দার সহ অন্যান্য নেতৃবৃন্দ।

উল্লেখ্য, আগামী ১৭ অক্টোবর ঝিনাইদহ জেলা পরিষদ নির্বাচনের ভোট গ্রহণের কথা রয়েছে। নির্বাচনে ২ জন চেয়ারম্যান প্রার্থী ও সংরক্ষি নারী আসনসহ ৩৫জন সদস্য প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

রবীন্দ্র সঙ্গীত নিয়ে এগিয়ে যেতে চান সীমান্ত

তার নাম সীমান্ত। পুরো নাম হুসাইন আব্দুল্লাহ সালেহ সীমান্ত। রবীন্দ্র সঙ্গীত নিয়েই এগিয়ে যেতে চান সামনের দিকে। কুষ্টিয়ায় রবীন্দ্র সঙ্গীত নিয়ে যে ক’জন শিল্পী রয়েছে এই অল্প বয়সে তার মধ্যে অন্যতম এই সীমান্ত।

মায়ের ইচ্ছেকে প্রাধান্য দিয়ে ২০০৫ সালের দিকে প্লে গ্রুপে অধ্যায়নকালীন সময়ে কুষ্টিয়া জেলা শিশু একাডেমি থেকে পথচলা শুরু। এরপর সীমান্তর গানের হাতেখড়ি হয় ওস্তাদ খন্দকার মিজানুর রহমান বাবলুর মাধ্যমে। পরবর্তীতে কোহিনূর খানমের হাত ধরে আজ এই সঙ্গীত চর্চায় নিজেকে নিয়োজিত রেখেছেন সীমান্ত।

তার বাবা গোলাম হোসেন, অগ্রণী ব্যাংকের অবসরপ্রাপ্ত কর্মকর্তা ও কবি জেসমিন হোসেন মিনির তিন ছেলের মধ্যে সবার ছোট এই সীমান্ত। বর্তমানে পড়াশোনা করছে ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি)’তে ইলেকট্রনিক্যাল এন্ড ইলেকট্রনিকস ইন্জিনিয়ারিং এ তৃতীয় বর্ষে অধ্যায়নরত।

সম্প্রতি, সীমান্তর শিল্পী হয়ে ওঠার গল্প নিয়ে তুলে ধরেছেন এসএম জামাল।

কুষ্টিয়া জেলা শিশু একাডেমি থেকে পথচলা শুরু হলেও নিয়মিত সঙ্গীত চর্চা করতো তিনি। ধীরে ধীরে রবীন্দ্র সঙ্গীতের উপর চর্চা বেশি থাকায় তার উপর ঝুঁকে পড়ে। অবশ্য অস্টম শ্রেণির শিক্ষার্থী থাকা অবস্থায় ব্যান্ডের গান শোনার মধ্য দিয়ে অর্থহীন ব্যান্ডের জনপ্রিয় গান ‘অদ্ভুত সেই ছেলেটি আবার শুরু করলো হাটা, কালো লম্বা এলোমেলো চুলে চোখ দুটো তার ঢাকা, এই গানটির কারনেই গিটারের প্রতি আগ্রহ তৈরী হয়। গিটারিস্ট হিসেবে শুরু করেন তিনি। এখন গিটার এবং হারমোনিয়াম তার প্রিয়। শখের বশে গান করলেও প্রফেশনাল শিল্পী হওয়া তার মূল উদ্দেশ্য ছিলো না, ইচ্ছেটাকে বাস্তব রূপ দেওয়া এবং মনের খোরাক মেটানো-ই ছিলো মূখ্য বিষয়।

উত্তরে বলেন, “এই পর্যায়ে আসার পিছনে সবচেয়ে বড় অবদান আমার মা এবং আমার শিক্ষকদের। মা এই ইচ্ছেটা প্রকাশ না করলে হয়তো আমার শিল্পী হওয়া হতো না।

স্যারও এতটা উৎসাহ এবং ভালোবাসা দিয়ে শিখিয়েছেন যে শিল্পীর প্রতি আলাদা ভালোলাগা তৈরি হয়েছে। স্যাররা অনুপ্রেরণা না দিলে কখনই শিখতে পারতাম না। কোহিনূর খানমকে অনেক কৃতজ্ঞতা।

বন্ধুমহল থেকেও বেশ সাপোর্ট পেয়েছি। আমি অনেক বেশি সাপোর্ট পেয়েছি ওর থেকে। একটা প্রতিযোগিতায়। অনেকটা চিন্তিত ছিলাম এটা ভেবে যে লোকে কি বলবে! কে কি ধরনের মন্তব্য করবে, ভালো হবে কী হবে না। অর্থাৎ মনোবল একদম শূন্য ছিল। ওই সময়ে বন্ধুরা আমাকে বোঝায় এবং চেষ্টা করে দেখতে বলে। বন্ধুরা বলল, ” সবার চিন্তা ভাবনা এক রকম নয়, যেকোনো কাজে ভালো এবং খারাপ দুটো দিকই থাকে তাই বলে নিজেকে থামিয়ে রাখা যাবে না।

সীমান্তর পছন্দের তালিকায় রয়েছেন শিল্পী হেমন্ত মুখোপাধ্যায় ও সাগর সেন, মাহমুদ নবী ও সায়ান চৌধুরী অর্ণবের সবগৃলো গানই ভালো লাগে তার।
বাঙালিয়ানা সব খাবারই তার পছন্দের। তার প্রিয় রং কালো ও নীল, পছন্দের পোশাক ঢোলাঢালা শার্ট ও জিন্স প্যান্ট।

সীমান্তর ভবিষ্যতে নিজেকে ভালো একটি পর্যায়ে দেখতে চায় তার পরিবার।